

## সেন্টমার্টিন ভ্রমণে নতুন নিয়ম - দিতে হবে নির্ধারিত ফি

- A Monitor Desk Report

Date: 09 September, 2023



এখন থেকে ইচ্ছে করলেই যে কেউ নিজের ইচ্ছেমতো সময়ে প্রবাল দ্বীপ সেন্টমার্টিন যেতে পারবেন না। এজন্য সরকারের নির্দেশিত কিছু নিয়ম অনুসরণ করতে হবে। দিতে হবে নির্ধারিত ফি। তবেই ভ্রমণ করা যাবে সেন্টমার্টিন। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এমনটিই জানানো হয়েছে।

প্রতি বছর নভেম্বর থেকে এপ্রিল মাস পর্যন্ত হচ্ছে পর্যটন মৌসুম। এ সময় সেন্টমার্টিন দ্বীপে পর্যটকদের যাতায়াত শুরু হয়। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নতুন প্রজ্ঞাপন অনুযায়ী এখন থেকে সেন্টমার্টিন যেতে লাগবে অনলাইন রেজিস্ট্রেশন।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, পর্যটকদের সেন্টমার্টিন দ্বীপ ভ্রমণ করতে হলে অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে। এ ছাড়া দ্বীপে যাওয়ার জন্য নির্দিষ্ট পরিমাণ ফিও দিতে হবে পর্যটকদের। এমনকি দ্বীপে দিনপ্রতি সঠিক ধারণক্ষমতা অনুযায়ী পর্যটক নিশ্চিত করবে কর্তৃপক্ষ।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের বিষয়গুলো বাস্তবায়ন করার মূল দায়িত্ব দেয়া হয়েছে বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়কে। এ ছাড়া তাদের সহযোগিতা করবে কক্সবাজার জেলা প্রশাসন। তবে পর্যটকের সংখ্যা নিশ্চিত করার ক্ষেত্রে সহযোগিতা করবে পরিবেশ অধিদফতর, বাংলাদেশ কোস্টগার্ড, ট্যুরিস্ট পুলিশ ও টেকনাফ উপজেলা প্রশাসন।

আরও পড়ুন: [সাগরের বুকে জেগে উঠেছে মায়ী দ্বীপ](#)

বাংলাদেশের মূল ভূখন্ডের সর্বদক্ষিণে অবস্থিত দেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন। কক্সবাজার জেলা শহর থেকে এর দূরত্ব ১২০ কিলোমিটার। ১৭ বর্গকিলোমিটারের ক্ষুদ্র দ্বীপকে স্থানীয়রা বলে নারিকেল জিঞ্জিরা। দ্বীপটি একটু একটু করে তার সৌন্দর্য হারাচ্ছে। তাই দ্বীপের পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষার্থে এমন প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

